**বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন**
**মুখপাত্র**
**www.sec.gov.bd**

সূত্র নম্বর- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/২৫৫

তারিখ: ১৩ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
২৮ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের কমিশনার হিসেবে জনাব হোসেন সাদাত, এফসিএস-এর যোগদান ।**

অদ্য ২৮ জুলাই ২০২৬ তারিখে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের (বিএসইসি) কমিশনার হিসেবে জনাব হোসেন সাদাত, এফসিএস আনুষ্ঠানিকভাবে যোগদান করেছেন।

উল্লেখ্য, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অনুমোদনক্রমে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক ২৭/০৭/২০২৬ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন নম্বর-৫৩.০০.০০০০.০০০.৪২১.১১.০০০১.২৬-১২৬ মোতাবেক বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন,১৯৯৩ এর ধারা-৫(২) অনুযায়ী জনাব হোসেন সাদাত, এফসিএস -কে চার বছর মেয়াদের জন্য বিএসইসি এর কমিশনার হিসেবে নিয়োগ দেয়া হয়েছে।

জনাব হোসেন সাদাত একজন অভিজ্ঞ করপোরেট পেশাজীবী এবং করপোরেট সুশাসন, নিয়ন্ত্রক কৌশল, আর্থিক ব্যবস্থাপনা, টেকসই উন্নয়ন ও করপোরেট যোগাযোগ বিষয়ে সুদীর্ঘ অভিজ্ঞতার অধিকারী। টেলিযোগাযোগ, তেল ও গ্যাস এবং নিরীক্ষা ও নিরীক্ষা-নিশ্চয়তা (Audit & Assurance) খাতে তার প্রায় তিন দশকের পেশাগত অভিজ্ঞতা রয়েছে। কর্মজীবনে তিনি গ্রামীণফোন, শেল অয়েল অ্যান্ড গ্যাস, কেয়ার্ন এনার্জি এবং রহমান রহমান হক, চার্টার্ড অ্যাকাউন্টেন্টস (কেপিএমজি বাংলাদেশ)-এ জ্যেষ্ঠ নেতৃত্বের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

সর্বশেষ তিনি ইনস্টিটিউট অব চার্টার্ড সেক্রেটারিজ অব বাংলাদেশ (ICSB)-এর সভাপতি হিসেবে দায়িত্ব পালন করে আসছিলেন। এছাড়াও তিনি বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট (BICM), করপোরেট সেক্রেটারিজ ইন্টারন্যাশনাল অ্যাসোসিয়েশন (CSIA) এবং ইনস্টিটিউট অব চার্টার্ড সেক্রেটারিজ অব বাংলাদেশ (ICSB)-সহ বিভিন্ন বোর্ড/কাউন্সিলের সদস্য হিসেবে দায়িত্ব পালন করেছেন। জনাব হোসেন সাদাত একজন ফেলো চার্টার্ড সেক্রেটারি (FCS)। এছাড়া তিনি যুক্তরাজ্যের London Business School থেকে নির্বাহী পর্যায়ের ব্যবস্থাপনা বিষয়ে (Executive Education) উচ্চতর প্রশিক্ষণ সম্পন্ন করেছেন।

জনাব হোসেন সাদাতের যোগদানের মাধ্যমে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের কমিশনারদের পূর্ণাঙ্গ কাঠামো সম্পন্ন হলো। কমিশন আশা করে, পুঁজিবাজার, করপোরেট সুশাসন, নিয়ন্ত্রক কার্যক্রম এবং প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিতে তার দীর্ঘ পেশাগত অভিজ্ঞতা ও দক্ষতা কমিশনের কার্যক্রমকে আরও গতিশীল, কার্যকর ও আধুনিক করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

২৮/০৭/২০২৬

মোঃ আবুল কালাম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র